ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স-১৫৩২
জিরানীয়া, ২ জুলাই, ২০২৫

**আগামীকাল থেকে শুরু হচ্ছে ঐতিহ্যবাহী খার্চি উৎসব ও মেলা শুরু**

আগামীকাল পুরাতন আগরতলার চতুর্দশ দেবতা বাড়িতে ঐতিহ্যবাহী খার্চি উৎসব, মেলা ও প্রদর্শনী শুরু হচ্ছে। এদিন সকাল ১১টায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সাত দিনব্যাপী ঐতিহ্যবাহী এই মেলার উদ্বোধন করবেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক স্বপ্না দেববর্মা, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণা রাণী দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিধায়ক তথা খার্চি উৎসবের কার্যকরী কমিটির চেয়ারম্যান রতন চক্রবর্তী। এছাড়া অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ড. বিশাল কুমার, জিরানীয়ার মহকুমা শাসক অনিমেষ ধর এবং বিশিষ্ট সমাজসেবী রাজেশ ভৌমিক।

*****